

সমবায় সমিতি গঠন করবেন কিভাবে

সমবায় সমিতি হচ্ছে গণতান্ত্রিকভাবে পরিচালিত একটি আর্থিক প্রতিষ্ঠান। যার মাধ্যমে এর সদস্যরা তাদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন ঘটিয়ে থাকে। একটি বিধিবদ্ধ আর্থিক প্রতিষ্ঠান হিসেবে সমবায় সমিতি সংগঠন ও নিবন্ধনের জন্য নিম্নে বর্ণিত প্রক্রতি ও নিয়মাবলী অনুসরণ করতে হবে:

১. সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত, ২০০২ ও ২০১৩) এর ধারা ৮ (১) (ক) অনুযায়ী ন্যূনতম ২০ (বিশ) জন একক ব্যক্তি এবং যার উদ্দেশ্য হচ্ছে বৈধ উপায়ে সমিতির সদস্যদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন। সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ এর বিধি ১১ (খ) অনুযায়ী সদস্য হবার যোগ্যতা হবে কমপক্ষে ১৮ বৎসর।
২. সমিতি নিবন্ধনের শর্ত হিসেবে সকল সদস্যের অংশ গ্রহণে সাংগঠনিক সভায় বিস্তারিত আলোচনা হবে এবং সিদ্ধান্তাবলী সত্যায়িত করে নিবন্ধনের জন্য আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।
৩. উপজেলা/জেলা সমবায় অফিস থেকে একটি নমুনা উপ-আইনসংগ্রহ করা যেতে পারে। এই উপ-আইন হবে সমিতি পরিচালনার দলিল। যা সমিতির সদস্যগণ নিজেরাই প্রণয়ন করবেন। এখানে কমপক্ষে ২০ জন সদস্য সহি-স্বাক্ষর করবেন। উপ-আইন অবশ্যই আইন ও বিধিমালা সাথে সঙ্গতি পূর্ণ হতে হবে।
৪. বিধি ১২ অনুযায়ী কর্মএলাকা হতে হবে নিবিড় ও সংলগ্ন। মাঝে একটি এলাকা বাদ দিয়ে অন্য এলাকা নিধারণ করা যাবে না।
৫. বিধি ৫(৩) অনুযায়ী নির্ধারিত পরিমাণ পরিশোধিত শেয়ার মূলধন থাকতে হবে। প্রাথমিক সমিতি নিবন্ধনের ক্ষেত্রে এ মূলধন হবে সাধারণত কমপক্ষে ২০,০০০/- (বিশ হাজার) টাকা। বিধি ১১(ক) অনুযায়ী অনূন ০১টি শেয়ার ক্রয়সহ শেয়ার মূল্যের সমপরিমাণ অর্থ সমিতিতে সঞ্চয়ী হিসাবে জমা প্রদান ব্যতীত কোন ব্যক্তি সমবায় সমিতির সদস্য হবার উপযুক্ত হবেন না।
৬. সমিতি নিবন্ধনের পূর্বেই জমা খরচ বহি, শেয়ার ও সঞ্চয় রেজিস্টার, সাধারণ রেজিস্টার, সদস্য রেজিস্টার, লোন বা অগ্রিম রেজিস্টার, রেজুলেশন বহি (সাপ্তাহিক, ব্যবস্থাপনা কমিটি ও সাধারণ সভার বহি), নোটিশ বহি ইত্যাদি সংরক্ষণ করতে হবে। অবশ্যই ব্যাংকে একটি হিসাব খুলতে হবে। এ ব্যাপারে বিধি ৫৫ ও ৫৬ অনুযায়ী তালিকা অনুসরণ করতে হবে।
৭. সমবায় বিধি ৫(২) অনুযায়ী সমিতির প্রকৃতি অনুযায়ী ৫০/-, ৩০০/-, ১০০০/-, ৩০০০/- বা ৫০০০/- টাকা নিবন্ধন ফি চালানোর মাধ্যমে জমা দিয়ে কপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।
৮. সাংগঠনিক সভায় সমিতির কার্য পরিচালনার জন্য ব্যবস্থাপনা কমিটির (৬, ৯ ও ১২ জন সদস্য বিশিষ্ট) একটি প্রস্তাব তৈরি করতে হবে।
৯. সমিতি নিবন্ধনের জন্য প্রাক-কার্যাদি সম্পাদনের পাশাপাশি সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ এর বিধি ৫(১) অনুযায়ী নির্ধারিত আবেদন ফরম-১ পূরণ করতে হবে। প্রত্যেক সদস্য নিজে সকল তথ্য পূরণ করবেন। প্রয়োজনে ছবি ও মোবাইল নম্বর থাকবে।
১০. কাগজপত্র তৈরী হলে সংশ্লিষ্ট উপজেলা/মেট্রোপলিটন থানা সমবায় অফিসে জমা প্রদান করতে হবে। সংশ্লিষ্ট উপজেলা/থানা সমবায় অফিস প্রাপ্ত কাগজপত্র পরীক্ষা- নিরীক্ষা, যাচাই বাছাই করে সংশ্লিষ্ট জেলা সমবায় অফিসারের নিকট নিবন্ধনের জন্যতা প্রেরণ করবে। নিবন্ধনকারী কর্তৃপক্ষ আইনের ধারা ১০, ১১ ও ১২ এবং বিধি ৬ যথাযথভাবে অনুসরণ করবে।
১১. নিবন্ধন গ্রহণ না করে সমবায় নাম ব্যবহার করে এর কার্যক্রম পরিচালনা করা হলে তা আইনের ধারা ৯ অনুযায়ী কারাদন্ড বা অর্থদন্ড বা উভয়দন্ডে দন্ডনীয় অপরাধ হবে।
১২. সমিতিটি নিবন্ধন নেয়া অর্থ হচ্ছে সমিতি যে সকল কাজের সাথে সম্পৃক্ত হয়ে অর্থনৈতিক ও সামাজিক কার্যাদি পরিচালনা করতে ইচ্ছুক তার আইনগত অনুমোদন নেয়া। উপ-আইন সম্পর্কে সকল সদস্যের ধারণা থাকা আবশ্যিক এবং সকল সদস্যের জ্ঞাতার্থে প্রয়োজনীয় পদক্ষেপ ও গ্রহণ করা দরকার। সমিতি নিবন্ধনের পূর্বে সংক্ষিপ্ত প্রশিক্ষণে অংশগ্রহণ করা প্রয়োজন। সমবায় সমিতি গঠন করে সার্থকভাবে টিকে থেকে উৎপাদনশীল কর্মকান্ড পরিচালনার মাধ্যমে অনুকরণীয় দৃষ্টান্ত স্থাপনে গতিশীল ভূমিকা রাখতে হবে।